81-1653/24 I-1634/24

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL Q 121502781/24 K 413196

12:36
23.2.24

Certified that the document is admitted to registration. The Signature sheet and the endorement sheets attached with this document are the part of this document.

Addl. District Sub-Registrar
Baruipur, South 24 Parganas

2 3 FEB 2024

## ডেভোলপমেন্ট পাওয়ার অফ এ্যাটর্নি

***********************************

লিখিতং ............................ শ্রী সঞ্জীব সরকার , পিতা শ্রী মোহন সরকার , জাতি হিন্দু (ভারতীয় নাগরিক) , পেশা ব্যবসা , আধার নং ৭১৮৫ ৭০৮৫ ৭২৪৭ , প্যান নং ATCPS3175R, সাং ঋষি বঙ্কীম নগর , ওয়ার্ড নং ১০ , পোঃ ও থানা বারুইপুর, জেলা দক্ষিণ ২৪ পরগনা , কোলকাতা ৭০০১৪৪ ।

SKYSCRAPER

Partner

No. 4832 Date 22.02.2024
Name Sanjib Sarkar.
Address Rishi Bankim Nagar
Value 5000/- Ward - 10. Baruipur.
KOL-700144.
Vendor
SAHABUDDIN GAZI
Baruipur Civil & Criminal Court

K 413198

Office of the Addl. Dist. Sub-Registrar, Baruipur
South 24 Parganas

Addl. District Sub-Registrar
Baruipur, South 24 Parganas

23 FEB 2024

কস্য শুভ ডেভোলপমেন্ট পাওয়ার অফ এ্যাটনী বা ব্যাপক আমমোক্তার নামা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে ।

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও সাবরেজিষ্টি অফিস বারুইপুর , পরগনা মেদনমল্ল মৌজা বারুইপুর , বারুইপুর পৌরসভার ০৬ নং ওয়ার্ডভুক্ত ০৮ নং হোল্ডিংভুক্ত কুলপি রোড স্থিত জে. এল. নং ৩১ সি এস ২৬৪৮ , আর. এস. ৭৫৮৪ , ৭৫৮৫, ৭৫৮৬, ৭৫৮৭, ৭৫৮৮ ও ৭৫৮৯ নং খতিয়ান ভুক্ত আর.এস. ২৭৯৮ নং দাগে বাস্তু ৮৯ শতকের মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নক্সায় লাল রঙের রেখা দ্বারা চিহ্নিত ও পরিবেষ্টিত ০৫ কাঠা জমি জমা মায় সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র ডেভোলপমেন্ট পাওয়ার অফ এ্যাটনী বা ব্যাপক আমমোক্তার নামা দলিলের বিষয়ভুক্ত সম্পত্তি হইতেছে।

উক্ত সম্পত্তি শৈলেন্দ্র কুমার রায়চৌধুরী , নিরোদ লাল রায়চৌধুরী ওরফে নিরোদ কুমার রায়চৌধুরী , নিহার লাল রায়চৌধুরী , চিত্তরঞ্জন রায়চৌধুরী , মনোরঞ্জন রায়চৌধুরী ও সরোজ কুমার রায়চৌধুরী দ্বীগরদের নামে আর এস ৭৫৮৪ , ৭৫৮৫, ৭৫৮৬, ৭৫৮৭, ৭৫৮৮ ও ৭৫৮৯ নং খতিয়ানে রেকর্ডিয় সম্পত্তি থাকে।

তৎপর উক্ত শৈলেন্দ্র কুমার রায়চৌধুরী ও তাহার স্ত্রী পরলোক গমণ করিলে তৎত্যাক্ত সম্পত্তি সুকুমার রায়চৌধুরী , সনদ কুমার রায়চৌধুরী ও শিশির কুমার রায়চৌধুরী প্রাপ্ত হয়েন।

তৎপর উক্ত সনদ কুমার রায়চৌধুরী পরলোক গমণ করিলে তৎত্যাক্ত সম্পত্তি স্ত্রী ইরা রায়চৌধুরী , তিন পুত্র কালিদাস রায়চৌধুরী , সোমনাথ রায়চৌধুরী এবং বিশ্বরুপ রায়চৌধুরী প্রাপ্ত হয়েন।

SKYSCRAPER

Partner

তৎপর উক্ত সুকুমার রায়চৌধুরী , সনদ কুমার রায়চৌধুরী , শিশির কুমার রায়চৌধুরী, নিরোদ লাল রায়চৌধুরী ওরফে নিরোদ কুমার রায়চৌধুরী , নিহার লাল রায়চৌধুরী , চিত্তরঞ্জন রায়চৌধুরী, মনোরঞ্জন রায়চৌধুরী, ইরা রায়চৌধুরী, কালিদাস রায়চৌধুরী, সোমনাথ রায়চৌধুরী এবং বিশ্বরুপ রায়চৌধুরী একযোগে বিগত ইং ৩০/০৫/১৯৭২ তারিখে বারুইপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ০১ নং বহির ৩৮ নং ভল্যুমে ১৯৮ হইতে ২০৭ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ৩০৯৬ নং বাংলা সাফ কোবালা দলিল মূলে **'M/S. SREE TRADERS'** পক্ষে পার্টনার অমিয় কুমার দাসগুপ্ত ও দৌপদি মোদিকে বিক্রয় করিয়া দখলত্যাগী হয়েন।

তৎপর উক্ত অমিয় কুমার দাসগুপ্ত ও দৌপদি মোদি তাহাদের ০১.০১.১৯৮৮ সালের পার্টনারসিপ দলিল অনুজায়ী উক্ত ব্যবসা পরিচালনা করিতে থাকেন। উক্ত ব্যবসা চলাকালিন বিগত ইং ২৪.০৯.১৯৮১ তারিখে নুতন পার্টনার হিসাবে অরুপ কুমার দাসগুপ্ত ও সন্তোষ মোদি দ্বিগরদের উক্ত ব্যবসায় নিয়োগ করেন।

তৎপর উক্ত অমিয় কুমার দাসগুপ্ত বিগত ইং ০৫/১০/১৯৯১ তারিখে পরলোক গমন করিলে তাহার পুত্র অরুপ কুমার দাসগুপ্ত এবং স্ত্রী লিলি দাসগুপ্ত ০৬/১০/১৯৯১ তারিখে উক্ত ব্যবসার অংশীদার হিসাবে সংযোজিত হয়েন।

তৎপর উক্ত দৌপদি মোদি বিগত ইং ২৬/১১/১৯৯৭ তারিখে পরলোক গমণ করিলে তাহার কোন ওয়ারিশ না থাকায় অনান্য অংশিদারগণ উক্ত ব্যবসা পরিচালন করিতে থাকেন। সেইহেতু উক্ত **'M/S SREE TRADERS'** নূতন ভাবে ২৪/০৩/১৯৯৮ তারিখে পার্টনারশিপ দলিল সম্পাদন করেন। যাহার বুক নং ০২, ভল্যুম নং ০৩, ২০ হইতে ৩৫ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ৯৪ নং দলিল।

**SKYSCRAPER**

**Partner**

তৎপর উক্ত অরুপ কুমার দাসগুপ্ত তাহার মাতা লিলি দাসগুপ্তের ২৫ % অংশ সহ সন্তোষ মোদির সহিত একযোগে ব্যবসা পরিচালনা করিতে থাকেন কিন্তু ২৪/০৩/১৯৯৮ তারিখে ৯৪ নং পার্টনারসিপ দলিলের ৩১, ৩৪, ৩২, ৩৫ নং অনুচ্ছেদ গুলির পরিবর্তন করার জন্য তাহারা বিগত ইং ২০১৮ সালে আলিপুর রেজিস্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ০৪ নং বহির ৪৭৫৫ নং নতুন পার্টনারসিপ দলিল রেজিষ্ট্রী করেন।

তৎপর উক্ত সন্তোষ মোদি ও অরুপ কুমার দাসগুপ্ত তাহাদের নাম বারুইপুর পৌরসভায় নথিভুক্ত করিয়া ট্যাক্সাদি আদায় দিতে থাকেন।

তৎপর তাহারা বিগত ইং ১২/০৭/২০১৯ তারিখে আলিপুর ডি এস আর IV রেজিস্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ০১ নং বহির ১৬০৪-২০১৯ নং ভল্যুমে ১৬০৭৬৫ হইতে ১৬০৭৯৫ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ৪২৫৭ নং সাফকোবালা দলিল মূলে **M/S. DEEPRAJ CONSTRUCTION PVT. LTD.** কে বিক্রয় করিয়া দখলত্যাগী হয়েন।

তৎপর উক্ত **M/S. DEEPRAJ CONSTRUCTION PVT. LTD.** খরিদ করিয়া ভোগবান ও দখলিকার অবস্থায় বিগত ইং ০৬/১০/২০২৩ তারিখে বারুইপুর সাব রেজিস্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ০১ নং বহির ১৬১১-২০২৩ নং ভল্যুমে ১৮১৪২৫ হইতে ১৮১৪৬৬ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ৮৮৬০ নং সাফকোবালা দলিল মূলে অত্র চুক্তিপত্রের প্রথম পক্ষ আমাকে বিক্রয় করিয়া দখলত্যাগী হয়েন।

এইরূপে আমি অত্র চুক্তিপত্রের প্রথম পক্ষ খরিদা সুত্রে ০৫ কাঠা জমিজমাদি প্রাপ্ত হইয়া আমি এযাবৎ-কাল অন্যের বিনা সংশ্রবে নির্দায় নির্দোষ অবস্থায় ভোগবান দখলিকার আছি । যাহাতে আমার সমস্ত রকমের স্বত্বাধিকার বর্তমান আছে। উক্ত সম্পত্তিতে আমি ব্যাতীত উক্ত সম্পত্তিতে অন্য কোন শরীক নাই।

SKYSCRAPER

Partner

আমমোক্তার গ্রহীতা দ্বিতীয় পক্ষ জয়েন্ট ভেঞ্চার লিখিত , পঠিত অন্তে স্বীকার করিলেন যে , সংশ্লিষ্ট জমিতে বহুতল গৃহাদি নির্মান হইবার পর প্রথম পক্ষগণ ৪৩ শতাংশ পাইবেন , এছাড়া বাকী অংশ ৫৭ শতাংশ দ্বিতীয় পক্ষের এ্যালোকেশানকৃত সম্পত্তি হইবে।

উপরোক্ত জমির উপর বহুতল বিল্ডিং তৈরী করিবার জন্য বিগত ইং ২৩/০২/ ২০২৪ তারিখে বারুইপুর সাব রেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রিকৃত ১৬২৬ নং যৌথ উদ্যোগে বাড়ী তৈরীর চুক্তিপত্র রেজিস্ট্রি হইয়াছে । এক্ষনে আমার লোকজন , মিস্ত্রি, আর্কিটেকেট মূলধন , দেখাশুনা ও রক্ষনা বেক্ষন করা অসুবিধা হওয়ায় এবং আমাদের সম্পত্তির উন্নতি সাধন ও বহুতল বাড়ী নির্মনের জন্য আমাদের পরম হিতৈষি **SKYSCRAPER,** PAN AFCFS8974A, Partnership Business having it's office address at 5, Kulpi Road, Paradice Apartment , Shibanipith, Ward No. 05, P.O. & P.S. Baruipur, Dist. South 24 Parganas, Kolkata 700144, পক্ষে পার্টনারস্ - **১) শ্রী সৌরভ সাহা** , পিতা মৃনাল কান্তি সাহা , আধার নং ২২৮৬ ৫৩২৪ ৭৮৯৪ , প্যান নং AQTPS1032M, জাতি হিন্দু (ভারতীয় নাগরিক) , পেশা ব্যবসা , সাং ১৬২, সাজাহান রোড , সাহা বাড়ি, পোঃ ও থানা বারুইপুর , জেলা দক্ষিণ ২৪ পরগনা , কোলকাতা ৭০০১৪৪ , মোঃ ৯৮৩৬০৩১৭৭০ । ২) **শ্রী গৌতম পাল** , পিতা মৃত প্রবোধ চন্দ্র পাল , আধার নং ৪১৩৪ ৯৭২৮ ৯৩৮৮ , প্যান নং AZDPP9741P, জাতি হিন্দু (ভারতীয় নাগরিক) , পেশা ব্যবসা , সাং দুধনই , পোঃ পিয়ালি টাউন , থানা বারুইপুর , জেলা দক্ষিণ ২৪ পরগনা , পিন ৭৪৩৩৮৭ , মোঃ ৯৮৩০১৬৭২০৩ । ৩) **শ্রী প্রনয় কবিরাজ** , পিতা কালিদাস কবিরাজ, আধার নং ৭২৩৩ ৪০৬০ ৯৬২৯ , প্যান নং AJEPK0578N, জাতি হিন্দু (ভারতীয় নাগরীক) , পেশা ব্যবসা , সাং কে. জি. দাস রোড , কৃষ্ণা সিনেমার পার্শে , পোঃ ও থানা বারুইপুর , জেলা দক্ষিণ ২৪ পরগনা , পিন নং-৭০০১৪৪ , মোঃ ৯৮৩০৮২৮৪৩৯ ।

SKYSCRAPER

Partner

- কে অত্র আমমোক্তার নামা দলিল বলে ক্ষমতা প্রদানে আমমোক্তার নিযুক্ত করিয়া এতদ্বরা স্বীকার প্রচার ও প্রকাশ করিতেছি যে , অদ্যকার তারিখ হইতে অত্র আমমোক্তার পত্র বলে উপরোক্ত গ্রহীতা মহাশয় তাহার নিজ খরচায় উক্ত সম্পত্তি উন্নতি সাধন করিয়া বহুতল নির্মান করিবেন ও আমার পক্ষে লিখিত পঠিতের স্থলে আমাদের নাম ''বঃকলমে'' সহি করিয়া ও মৌখিক জবান বন্দির স্থানে মুখে জবান বন্দি দিয়া **আমাদের উল্লিখিত সম্পত্তি দেখাশুনা , রক্ষনা বেক্ষন , ডেভলপারের এ্যালোকেশান , বিক্রয়াদি প্রভৃতি হস্তান্তর করনাদির দ্বারা যাবতীয় কার্য্যাদি অদ্য হইতে করিবেন।** তৎজন্য উক্ত আমমোক্তারগণ আমার হইয়া পৌরসভা, থানা , বি ডি ও, বি এল এন্ড এল আর ও সকল রেজিস্ট্রি ও সাবরেজিস্ট্রি অফিস , ইনকাম ট্যাক্স অফিস , সেল ট্যাকস অফিস, কর্পোরেশান অফিস, মুনসেফি আদালত, জজ কোর্ট, ফৌজিদারী কোর্ট, এস ডি ও অফিস, এস ডি ও কোর্ট, কালেকটারী, ট্রেজারী অফিস, মহামান্য হাই কোর্ট , মহামান্য সুপ্রীম কোর্ট প্রভৃতি ভারতবর্ষের মধ্যে যে বা যে সমস্থ সরকারী ও বেসরকারী আধা সরকারী শাসন বিভাগিয় অফিস আদালতাদি প্রচলিত আছে বা হইবে তদসমুদয় অফিস আদালতাদিতে উক্ত আমমোক্তার আমার পক্ষে সহি স্বাক্ষরের স্থলে আমার নাম ''বঃকলমে'' সই করিয়া ও মৌখিক জবান বন্দির স্থানে মুখে জবান বন্দি দিয়া সংশ্লিষ্ট সম্পত্তি সম্পর্কিয় আবশ্যকীয় সকল কার্য্যাদি করিবে তথা যেকোন মামলা মোকর্দ্দমার বা যাবতীয় পদক্ষেপ গ্রহন করা দরখাস্থ অন্যান্য দস্তাবেজে সই সম্পাদন করা ও উক্ত দাগস্থিত জমি লইয়া অপর কোন মামলা হইলে বা মামলা করিতে হইলে আর্জি পেশ করা , হাজিরা দেওয়া, এজাহার দেওয়া সোওয়াল জবাব করা , উকিল এ্যাডভোকেট নিয়োগ করা তাহাদের ফিস প্রদান করা প্রয়োজনে আপোসে সোলেনামা করা জজ কোর্ট , হাইকোর্টে কেস করা, আপিল ও রিভিশান মোকর্দ্দমা দাখিল করা , ওকালত নামায় আমাদের নাম বঃকলমে সই করা , বর্ণনা পত্র দাখিল করা , অফিসের আবশ্যকীয় সকল

SKYSCRAPER
Partner

স্থানে আমার পক্ষে নাম ''বঃকলমে'' সহি করিয়া কার্য্য সমাধা করিবেন এবং আমার এ্যালোকেশান ব্যাতিত আমমোক্তার তাহাদের এ্যালোকেশান বিক্রয়াদি সর্বপ্রকার হস্তান্তর, বিনিময়, বিলি বন্দোবস্ত সকল প্রকার কার্য্যাদি করিবে ও বাউন্ডারী ডিক্লেয়ারেশান করিতে পারিবেন এবং প্রস্তাবিত বিল্ডিং প্ল্যানে আমার পক্ষে স্থানীয় পৌরসভা হইতে প্ল্যান অনুমোদন করাইবেন ।

প্রকাশ থাকে যে আমমোক্তার গ্রহীতাগণ যৌথ উদ্যোগে বাড়ী তৈরীর চুক্তিপত্র অনুযায়ী এ্যালোকেশান ব্যতিত ডেভলপার তাহার এ্যালোকেশান যেকোন ব্যক্তি বা ব্যক্তিগন কে বিক্রয়ের জন্য এগ্রিমেন্ট করিয়া অগ্রিম গ্রহন করিবেন এবং আমার নামে ও আমার পক্ষ হইতে উপযুক্ত ষ্টাম্প কাগজে প্রয়োজনীয় দলিল লিখিত পাঠিত সহি সম্পাদন করিয়া উপযুক্ত রেজিস্ট্রি আফিসে ও রেজিস্ট্রার মহাশয়ের সম্মুখে দাখিল করিয়া সম্পাদন স্বীকার করিয়া ও যথাযথ জবানবন্দি দিয়া রেজিস্ট্রিকার্য্য সুসম্পন্ন করিতে পারিবেন ও রশিদের পৃষ্টায় সহি করিয়া দলিল উঠাইবার ক্ষমতা প্রদান করিবেন।

উক্ত আমমোক্তার অদ্য হইতে সংশ্লিষ্ট সম্পত্তি সম্বন্ধে আমার পক্ষে যে বা যে সমস্থ কার্য্যাদি করিবে তাহা আমার স্বীয় কৃত কর্মের ন্যায় সর্ব অফিস আদালতে বলবৎ ও ফলবৎ হইবে।

SKYSCRAPER
Partner

দাখিলকারক / দাতা / গ্রহীতা ঃ

নাম........................................

........................................

স্বাক্ষর ........................................

| বামহস্ত | বৃদ্ধাঙ্গুল | তজ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

| ডানহস্ত | বৃদ্ধাঙ্গুল | তজ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

দাখিলকারক / দাতা / গ্রহীতা ঃ



নাম........ সঞ্জীব সরকার ........

........................................

স্বাক্ষর ........ [illegible] ........

| বামহস্ত | বৃদ্ধাঙ্গুল | তজ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

| ডানহস্ত | বৃদ্ধাঙ্গুল | তজ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

দাখিলকারক / দাতা / গ্রহীতা ঃ



নাম........ সৌরভ সাহা ........

........................................

স্বাক্ষর ........ Sourabh Saha ........

| বামহস্ত | বৃদ্ধাঙ্গুল | তজ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

| ডানহস্ত | বৃদ্ধাঙ্গুল | তজ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

**SKYSCRAPER**

Sourabh Saha

**Partner**

দাখিলকারক / দাতা / গ্রহীতা ঃ

নাম..........................................

..................................................

স্বাক্ষর ..........................................

| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহস্ত | | | | | |
| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
| ডানহস্ত | | | | | |

দাখিলকারক / দাতা / গ্রহীতা ঃ



নাম Gautam Pal

..................................................

স্বাক্ষর Gautam Pal

| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহস্ত | | | | | |
| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
| ডানহস্ত | | | | | |

দাখিলকারক / দাতা / গ্রহীতা ঃ



নাম Ram Kari

..................................................

স্বাক্ষর Ram Kari

| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহস্ত | | | | | |
| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
| ডানহস্ত | | | | | |

SKYSCRAPER

Partner